

# Signing of Concession Agreement for 600 MW Kholongchhu Hydroelectric Project in Bhutan

June 29, 2020

ভূটানে 600 মেগাওয়াটের খোলঙ্গ্ছু জলবিদ্যুৎ প্রকল্পের বিশেষ মূল্যহ্রাস চুক্তি স্বাক্ষরিত

জুন 29, 2020

1. ভারতের বিদেশমন্ত্রী ড. এস জয়শংকর, রয়াল গভর্নমেন্ট অব ভূটানের বিদেশমন্ত্রী লিওনপো ড. তান্ডি দোরজির ভার্চুয়াল উপস্থিতিতে 600 মেগাওয়াটের খোলঙ্গ্ছু জলবিদ্যুৎ প্রকল্পের(যৌথ উদ্যোগ) বিশেষ মূল্যহ্রাস চুক্তি, রয়াল গভর্নমেন্ট অব ভূটান এবং খোলঙ্গ্ছু হাইড্রো এনার্জি লিমিটেডের মধ্যে থিম্পুতে 29 জুন 2020 তারিখে স্বাক্ষরিত হয়েছে। রয়াল গভর্নমেন্ট অব ভূটানের অর্থনীতি বিষয়ক মন্ত্রী লিওনপো লোকনাথ শর্মা এবং ভারত ও ভূটানের বিদেশ সচিব সহ বরিশ্ঠ সরকারি আধিকারিকরা, ভারত সরকারের সচিব(বিদ্যুত), ভূটানে ভারতের রাষ্ট্রদূত এবং ভারতে ভূটানের রাষ্ট্রদূতও স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছিল।
2. 600 মেগাওয়াটের নদীবক্ষে প্রকল্পটি খোলঙ্গ্ছু নদীর নিম্ন অববাহিকায় পূর্ব ভূটানের ত্রাশিয়াঙ্গ্ৎসে রাজ্যে অবস্থিত। প্রকল্পটিতে চারটি 150 মেগাওয়াটের টার্বাইন সমেত ভূগর্ভস্থ পাওয়ার হাউস রয়েছে যেখানে 195 মিটার উচ্চতার বাঁধে জলের ধারা আটক করা থাকবে। ভূটানের ডুক গ্রীন পাওয়ার করপোরেশন (ডিজিপিএস) এবং ভারতের শাতলেজ জল বিদ্যুৎ নিগমের সাথে একটি যৌথ উদ্যোগ, খোলঙ্গ্ছু হাইড্রো এনার্জি লিমিটেড এই প্রকল্পটি রূপায়ন করবে। মূল্যহ্রাস চুক্তিটি ভারত ও ভূটানের মধ্যে জলবিদ্যুৎ প্রকল্পের প্রথম যৌথ উদ্যোগ, যৌথ নির্মাণ এবং অন্যান্য কাজ সংগঠিত করার জন্য নেতৃত্ব দেবে। আশা করা যাচ্ছে যে, প্রকল্পটি 2025-এর শেষার্ধ্বে সমাপ্ত হবে।
3. ভারতের বিদেশমন্ত্রী এবং ভূটানের বিদেশমন্ত্রী উভয়েই পারস্পরিক উপযোগী দ্বিপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতার একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে জলবিদ্যুৎ বিকাশের গুরুত্বের উপরে জোর দিয়েছেন। ভারত এবং ভূটানের মধ্যে বিশ্বাস, সহযোগিতা এবং পারস্পরিক সম্মান যা অনন্য এবং বিশেষ মৈত্রীর দীর্ঘ চারিত্রিক বৈশিষ্ট্য, পারস্পরিক বোঝাপড়ার মধ্যে দিয়ে যার নোঙ্গর প্রোথিত এবং বন্ডিত সাংস্কৃতিক ঐতিহ্যের দ্বারা অধিক বলশালী ও জনগণের সাথে জনগণের সংযোগের কথাও তারা স্মরণ করেছেন।
4. ভারত এবং ভূটানের দ্বিপাক্ষিক সহযোগিতায় হাইড্রোপাওয়ার হল একটি অগ্রগামী ক্ষেত্র। এর আগে 2019-এর অগাষ্টে 720 মেগাওয়াটের মাদ্গদেছু জলবিদ্যুৎ প্রকল্পটি ভারতের এবং ভূটানের মহামান্য প্রধানমন্ত্রীর যৌথভাবে উদ্বোধন করেছিলেন। এর সাথে, দ্বিপাক্ষিক সহযোগিতায় চারটি (04) জলবিদ্যুৎ প্রকল্প ( 336 মেগা ওয়াটের চুখা এইচইপি, 60 মেগা ওয়াটের কুরিছু এইচইপি, 1020 মেগাওয়াটের টালা এইচইপি, এবং 720 মেগা ওয়াটের মাদ্গদেছু এইচইপি) সর্বমোট 2100 মেগাওয়াটের প্রকল্পের কাজ ইতিমধ্যে জারি রয়েছে।

নিউ দিল্লি

জুন, 29, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.